unesco

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি
১/ক সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.imli.gov.bd

স্মারক নং- ৩৭.২৬.০০০০.১০৪.৩১.০০১.২১-৯৫৫ তারিখ: ২০ অক্টোবর ২০২২

**আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) গবেষণা বৃত্তি ২০২২-২০২৩**

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)-এর ভাষা, গবেষণা ও পরিকল্পনা বিভাগের আওতায় বিভিন্ন ক্যাটেগরিতে গবেষণাবৃত্তি প্রদানের নিমিত্ত বাংলাদেশে স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট-এ এমফিল, পিএইচডি ও পোস্ট-ডক্টোরাল প্রোগ্রামে ভর্তিকৃত দেশি-বিদেশি গবেষকগণের নিকট থেকে আমাই গবেষণা নীতিমালা ২০২২ অনুযায়ী নির্ধারিত ফরমে নিম্নে বর্ণিত যোগ্যতা ও শর্তাবলির আলোকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

১. আবেদনকারীকে অবশ্যই বাংলা ভাষাসহ পৃথিবীর বিভিন্ন ভাষা আন্দোলনের ইতিহাস; ভাষার ইতিহাস তথা বিবর্তন; ভাষার সংরক্ষণ ও আন্তর্জাতিকীকরণে তথ্য-প্রযুক্তির ব্যবহার; ভাষাশিক্ষণ ও ভাষা অর্জন; ভাষার সঙ্গে যুক্ত শিক্ষা, সাহিত্য, সংস্কৃতি, ইতিহাস, ঐতিহ্য ও মানবসম্পদ উন্নয়ন; দেশ-বিদেশের নৃ-গোষ্ঠীসমূহের মাতৃভাষা ও উপভাষা এবং বিপন্ন ও বিলুপ্তপ্রায় ভাষাসমূহ সংগ্রহ, সংরক্ষণ, প্রমাণীকরণ, প্রমিতায়ন, পুনরুজ্জীবন, অবয়ব তৈরি ইত্যাদি সম্পর্কিত বিষয়ে আগ্রহী হতে হবে;

২. গবেষণার ক্যাটেগরি

(ক) **পেশাগত গবেষণার** ক্ষেত্রে স্বল্প পরিসরে গবেষণা (ছয় মাস) ও বৃহৎ পরিসরে গবেষণার (দশ মাস) ক্ষেত্রে গবেষণার প্রয়োজনীয় অভিজ্ঞতা ও সংশ্লিষ্ট বিষয়ে জ্ঞানসম্পন্ন যেকোনো গবেষক এ গবেষণা বৃত্তির জন্য আবেদন করতে পারবেন। 'আমাই'-এ কর্মরত যেকোনো কর্মকর্তা, বিশেষ যোগ্যতাসম্পন্ন কর্মচারি এ গবেষণা বৃত্তির জন্য আবেদন করতে পারবেন। উভয় ক্ষেত্রে গবেষণা ব্যবস্থাপনা কমিটি আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা ও গবেষণার অভিজ্ঞতা বিচার করে গবেষণাবৃত্তি চূড়ান্ত করবেন। এ গবেষণা কার্যক্রম গবেষক নিজে গবেষণা নীতিমালা অনুযায়ী পরিচালনা করবেন এবং আমাই-এর গবেষণাসংশ্লিষ্ট কমিটি নিয়মিত পর্যবেক্ষণ ও তত্ত্বাবধান করবেন;

(খ) **ফেলোশিপ গবেষণার** ক্ষেত্রে সরকারি কর্মকর্তা (চল্লিশোর্ধ্ব), অবসরপ্রাপ্ত কর্মকর্তা, কলেজ/বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক/সহযোগী অধ্যাপক, প্রবীণ অভিজ্ঞ গবেষক এবং কোনো গবেষণামূলক প্রতিষ্ঠানে কর্মরত গবেষক এই বৃত্তির জন্য আবেদন করতে পারবেন। এ ধরনের গবেষণায় গবেষকের এমফিল/পিএইচডি ডিগ্রি এবং কোনো স্বীকৃত (ISSN নম্বরধারী) ও peer-reviewed গবেষণা পত্রিকায় সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনপক্ষে ২ (দুই)-টি প্রকাশনা থাকতে হবে। ইনস্টিটিউটে কর্মরত কর্মকর্তা, বিশেষ যোগ্যতাসম্পন্ন কর্মচারি এ গবেষণা বৃত্তির জন্য আবেদন করতে পারবেন এবং আবেদনপত্রের সাথে উল্লিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে। এ গবেষণা কার্যক্রমের ক্ষেত্রেও গবেষক নিজে গবেষণা নীতিমালা অনুযায়ী পরিচালনা করবেন এবং আমাই-এর গবেষণাসংশ্লিষ্ট কমিটি নিয়মিত পর্যবেক্ষণ ও তত্ত্বাবধান করবেন;

(গ) **এমফিল ও পিএইচডি গবেষণার** ক্ষেত্রে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের কার্যক্রমের সঙ্গে সম্পর্কিত উল্লিখিত বিষয় নিয়ে কোনো ব্যক্তি/গবেষক ইতোমধ্যেই কোনো স্বীকৃত দেশি/বিদেশি বিশ্ববিদ্যালয় থেকে এমফিল ও পিএইচডি প্রোগ্রাম-এ ভর্তির আমন্ত্রণ (offer letter) লাভে সক্ষম হয়েছেন এবং উপযুক্ত কর্তৃপক্ষ/তত্ত্বাবধায়ক কর্তৃক এ মর্মে অনুমোদন প্রাপ্ত হয়েছেন এরূপ ব্যক্তি/গবেষক এ গবেষণা বৃত্তির জন্য আবেদন করতে পারবেন এবং আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে;

(ঘ) **পোস্ট-ডক্টোরাল গবেষণার** ক্ষেত্রে স্বীকৃত কোনো দেশি বা বিদেশি বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেছেন এবং স্বীকৃত গবেষণা জার্নালে কমপক্ষে ২ (দুই)-টি প্রকাশনা আছে - এরূপ ব্যক্তি আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট-এর কার্যক্রমের সঙ্গে সম্পর্কিত বিষয়ে এ গবেষণা বৃত্তির জন্য আবেদন করতে পারবেন এবং আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে;

৩. আবেদনকারী কর্তৃক অন্য কোনো বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট-এর অর্থায়নে গবেষণাকর্ম চলমান থাকলে তিনি আবেদন করার যোগ্য হবেন না;

৪. একই গবেষণা প্রস্তাব একাধিক ক্যাটেগরিতে দাখিল করা যাবে না;

৫. আমাই-এর অর্থায়নে পরিচালিত সকল পূর্ণকালীন (ফেলোশিপ, এমফিল, পিএইচডি, পোস্ট-ডক্টোরাল) গবেষণায় মনোনীত গবেষক(গণ) উক্ত গবেষণাকর্ম চূড়ান্তভাবে জমা না হওয়া পর্যন্ত অন্য কোনো বা নতুন কোনো গবেষণাকর্মে নিয়োজিত হতে পারবেন না;

৬. পেশাগত ও ফেলোশিপ বৃত্তিপ্রাপ্ত গবেষক/গবেষকগণকে গবেষণা চলাকালীন অন্য কোনো দেশে ভ্রমণ/অবস্থান করার প্রয়োজন হলে আমাই কর্তৃপক্ষের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে;

৭. সংশ্লিষ্ট গবেষককে গবেষণা বৃত্তির অর্থ ব্যয় ও গবেষণাকর্ম বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন কার্যক্রমে গবেষণা নীতিমালায় উল্লিখিত সকল শর্ত/নির্দেশনা অবশ্যই অনুসরণ করতে হবে;

৮. আবেদনকারীকে আবশ্যিকভাবে নির্ধারিত আবেদন ফরম (আমাই ওয়েবসাইট- www.imli.gov.bd -এ আপলোডকৃত) পূরণপূর্বক তাঁর জীবনবৃত্তান্ত এবং গবেষণাকর্ম/প্রকাশনার তালিকা (প্রযোজ্য ক্ষেত্রে) জমা দিতে হবে;

১০. গবেষককে গবেষণা প্রস্তাবের সফ্‌ট কপি MS Word ও PDF ফরম্যাটে imli.moebd@gmail.com ই-মেইল এ প্রেরণ করতে হবে;

১১. আবেদনকারীকে মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট-এর অনুকূলে অগ্রণী ব্যাংকের যেকোন শাখা থেকে ইস্যুকৃত ১,০০০/- (এক হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্‌ট আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে;

১২. আবেদনপত্র অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে);

১৩. অসম্পূর্ণ আবেদনপত্র বাতিলযোগ্য বলে বিবেচিত হবে;

১৪. যেকোনো গবেষণা বৃত্তি প্রদানের ক্ষেত্রে আমাই-এর গবেষণা ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে;

১৫. আবেদনপত্রে কোন মিথ্যা তথ্য বা যেকোন ধরনের জালিয়াতি গবেষণাবৃত্তি চূড়ান্তকরণের যেকোন পর্যায়ে উদঘাটিত হলে আবেদনপত্র/গবেষণাবৃত্তি তাৎক্ষণিক বাতিল হিসেবে গণ্য হবে এবং তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

১৬. গবেষণাবৃত্তি চূড়ান্ত মনোনয়নের যেকোন পর্যায়ে আবেদনকারী কর্তৃক/ আবেদনকারীর পক্ষে যেকোন ধরনের ব্যক্তিগত যোগাযোগ বা সুপারিশ অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে;

১৭. **আবেদনপত্র জমা/পৌঁছানোর শেষ তারিখ: ২০ই নভেম্বর ২০২২ খ্রি.।**

২০/১০/২২

(প্রফেসর ড. হাকিম আরিফ)

মহাপরিচালক

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ঢাকা

Government of the People's Republic of Bangladesh
Ministry of Education
Secondary and Higher Education Division
International Mother Language Institute (IMLI)
Shahid Captain Mansur Ali Sarani
1/Ka, Segun Bagicha, Dhaka-1000, Bangladesh
www.imli.gov.bd

Memo no. 37.26.0000.104.31.001.21-955 Date: 20 October 2022

# International Mother Language Institute (IMLI) Research Scholarship 2022-2023

Applications are invited by the Language, Research & Planning Division, International Mother Language Institute (IMLI) for research scholarship in different categories following IMLI Research Guidelines2022 from the researchers of home and abroad who already enrolled in any recognized university/institute of Bangladesh for MPhil, PhD or Post-Doctoral program under the terms and conditions mentioned below.

1. Candidate must be interested in the history of language movement(s) of Bangla and other languages; history and evolution of languages; use of information technology for the purpose of preservation and internationalization of languages; teaching and acquisition of languages; education, literature, culture and heritage, history and human resources development (relating to language) of mother languages and dialects of ethnic group at home and abroad; identification of endangered and about to be extinct languages; preservation, documentation, standardization, revitalization and preparation of corpus;

2. **Research category**

   (A) Any researcher having necessary experience and knowledge in research work can apply for research scholarship against small-scale research (six months) and large-scale research (ten months) of **Professional Research**. Any officer of IMLI/ employee with an excellent academic background can also apply for this research scholarship. In both the cases, the Research Management Committee shall take decision considering the academic qualifications and research experience of the applicants. A researcher shall carry out the research of this kind independently and the concerned committee shall regularly supervise and monitor the research work;

   (B) Any government officer (more than forty years old), retired officers, professor/associate professor of university/college, any experienced researcher or any person engaged in research works at any research institute can apply for the research scholarship against **Fellowship Research.** The researcher shall have MPhil/PhD degree with at least two research articles published in the recognized journal (with ISSN) as well as in one peer-reviewed research journal. A researcher shall also carry out the research of this kind independently and the concerned committee shall regularly supervise and monitor the research work;

(C) Any person/researcher already got the offer letter of admission from any recognized local/foreign university for doing MPhil and PhD degree in connection with the activities of International Mother Language Institute on the topics/subjects mentioned above and obtained consent letter from the supervisor/competent authority, she/he can apply with necessary documents for the research scholarship against **MPhil** and **PhD Research**;

(D) Any person/researcher having PhD from any recognized local/foreign university and also having published 2 (two) articles in any recognized research journal can apply with necessary documents for the research scholarship against **Post-doctoral Research** on the topics/subjects mentioned above;

3. The applicant carrying research work under any other university/institute with funding/scholarship will not be eligible to apply for this IMLI scholarship;
4. The same research proposal shall not be submitted in more than one category;
5. The nominated researcher/s in all full-time (Fellowship, MPhil, PhD, Post-doctoral) researches funded by IMLI shall not be engaged in any other or in any new research work until the ongoing research work is submitted finally;
6. The researcher/s nominated for professional and fellowship scholarship shall have to obtain prior approval from the IMLI authority to travel or to stay in foreign country during the research period;
7. A researcher must follow the conditions/instructions mentioned in the research guidelines for implementing/conducting research activities and cost of research scholarship accordingly;
8. The applicant must submit his/her bio-data along with required information in the application form and research work/publication list (if applicable);
9. The applicant staying outside of Bangladesh shall have to download the application form available in the website www.imli.gov.bd and send it to the e-mail imli.moebd@gmail.com (either PDF or JPEG/JPG format) after properly filling up;
10. A soft copy of research proposal shall be sent in MS Word and in PDF format to the e-mail: imli.moebd@gmail.com;
11. A Pay-order/bank draft for Tk 1000/-(One thousand) issued from any branch of Agrani Bank Limited in favor of Director General, International Mother Language Institute shall be attached with the application. The applicant staying outside of Bangladesh shall submit the pay- order/bank draft through the local representative at Bangladesh;
12. The application must be forwarded through the proper channel/authority (if applicable);
13. Any incomplete application shall be deemed as rejected;
14. The decision regarding the award of any scholarship category by the IMLI Research Management Committee shall be deemed/ considered as final.
15. Any sort of fraudulent or forgery committed by the researcher at any stage of scholarship nomination or providing false information/document in the application shall be deemed as cancelled and legal action shall be taken against the said researcher;
16. Any personal communication or recommendation in favor of an applicant for availing of the nomination shall be considered as unfit;
17. The last date of submit/reach the application: 20th November 2022.

20/10/22

(Professor Dr. Hakim Arif)
Director General
International Mother Language Institute
Dhaka